



Sukumar Roy (1887 – 1923)




Sukumar Roy, one of the greatest writers and illustrators in the history of Bengali literature, was born in 1887. Swift minded, he synthesized words and images. Unfortunately, his literary style is very difficult to translate. Satyajit made an effort to put into English some verses from "The King of Bombardia", from the book, Abol-Tabol. At nine, Sukumar emerged an author in print. When he was a student at Presidency College, he created the home-based Nonsense Club with membership open to those with a flair for the ridiculous, practical joking and, most of all, acting. He became the joint Secretary of Sadharan Brahmo Samaj in 1914. By the time his son Satyajit was born he was attacked by the bacteria of the then fatal disease of blackwater fever. Yet he continued to write. His wit remained unimpaired. Persistently he continued to bring out "Sandesh", the children magazine. The famous work 'Abol Tabol' was published just 9 days before his death.

Satyajit Ray (1921 – 1992)



Satyajit Ray was an Indian filmmaker and among the dozen or so great masters of world cinema, is known for his humanistic approach to cinema. He made his films in Bengali, a language spoken in West Bengal, the eastern state of India, and Bangladesh. In 1992, Satyajit Ray received the honorary Academy Award ©A.M.P.A.S. ® - Lifetime Achievement. Satyajit Ray is perhaps the most well known Indian filmmaker to the Western world. Satyajit Ray wrote over forty fiction and non-fiction books in Bengali. Many of Ray's screenplays too have been published in Bengali. Only a handful of them are available in English. Satyajit Ray had the inborn affection towards writing as the son of Sukumar Roy and grandson of Upendrakishore. The sense of dignity and independence and the capacity to find pleasure in individuality was exactly the kind of environment where Satyajit got a chance to excel. Satyajit's literary career was intimately associated with "Sandesh". "Sandesh" - a colorful periodical for children was first published by Upendrakishore in May 1913 and draws the string between three generations of Ray family, Upendrakishor, Sukumar, Subinoy (Sukumar Roy's brother) & Satyajit. The magazine carried some of the early writings & sketches by Sukumar Ray.

বোম্বাগড়ের রাজা



কেউ কি জান সদাই কেন বোম্বাগড়ের রাজা,
ছবির ফ্রেমে বাঁধিয়ে রাখে আমসত্ৰ ভাজা ?

রানীর মাথায় অষ্টপ্রহর কেন বালিশ বাঁধা ?
পাঁউরুটিতে পেরেক ঠোকেন কেন রানীর দাদা ?
কেন সেথায় সর্দি হলে ডিগবাজি খায় লোকে ?
জোছনা রাতে সবাই কেন আলতা লাগায় চোখে ?



ওস্তাদেরা লেপ মুড়ি দেয় কেন মাথায় ঘাড়ে ?
টাকের 'পরে পড়িতে' ডাকের টিকিট মারে ?
রাত্রে কেন ট্যাকঘড়িটা ডুবিয়ে রাখে ঘিয়ে ?
কেন রাজার বিছনা পাতে শিরীষ কাগজ দিয়ে ?

সভায় কেন চ্যাঁচায় রাজা 'হুকা হুয়া' বলে ?
মন্ত্রী কেন কলসী বাজায় ব'সে রাজার কোলে ?
সিংহাসনে ঝোলায় কেন ভাঙা বোতল শিশি ?
কুমড়ো নিয়ে ক্রিকেট খেলেন কেন রাজার পিসি ?

রাজার খুড়ো নাচেন কেন হুকোর মালা প'রে ?
এমন কেন ঘটছে তা কেউ বলতে পারে মোরে ?



THE KING OF BOMBARDIA

In the land of Bombardia
The customs are peculiar

The King, for instance, advocates
Gilded frames for chocolates
While the Queen – Who goes to bed
With pillows strapped round her head –
Insists her brothers specialise
In sticking nails in custard pies.

On moonlit night the Bombardian –
His eyes all painted vermillion
Keeps his silver pocket watch
Immersed in boiling butter scotch
And if by chance he catches cold
He somersaults (if not too old).

Musicians there – a sturdy lot
Use woollen wrappers when its hot
And the scholar propagates
Pasting bills on balding pates.
When the King sits on the throne
He starts hee - hawing in baritone
And on his lap the P Minister
Just sits and beast a canister.
(The throne you know they decorate
With bottles of bicarbonate).

The King's old aunt (an autocrat)
Hits pumpkins with her cricket bat
While Uncle loves to dance Mazurkas
Wearing garlands strung with hookaha.

All of which though mighty queer
Is natural in Bombardia.

গোঁফ চুরি

হেড অফিসের বড়বারু লোকটি বড় শান্ত,
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানত ?
দিব্যি ছিলেন খোসমেজাজে চেয়ারখানি চেপে,
একলা বসে ঝিমঝিমিয়ে হঠাৎ গেলেন ক্ষেপে !
আঁতকে উঠে হাত পা ছুঁড়ে চোখটি করে গোল,
হঠাৎ বলেন, “গেলুম গেলুম, আমায় ধরে তোল !”
তাই শুনে কেউ বদ্যি ডাকে, কেউ বা হাঁকে পুলিশ,
কেউবা বলে, “কামড়ে দেবে সাবধানেতে তুলিস ।”
ব্যস্ত সবাই এদিক ওদিক করছে ঘোরাঘুরি,
বারু হাঁকেন, “ওরে আমার গোঁফ গিয়েছে চুরি ।”
গোঁফ হারানো ! আজব কথা ! তাও হয় সত্যি ?
গোঁফ জোড়া তো তেমনি আছে, কমেনি এক রত্তি ।
সবাই মিলে বুঝিয়ে বলে, সামনে ধরে আয়না,
মোটোও গোঁফ হয়নি চুরি, কক্ষনো তা হয় না ।
রেগে আশুন, তেলে বেগুন, তেড়ে বলেন তিনি,
“কারো কথার ধার ধারিনে, সব ব্যাটাকেই চিনি ।
“নোংরা ছাঁটা খ্যাংরা বাঁটা বিচ্ছিরি আর ময়লা,
“এমন গোঁফ তো রাখতো জানি শ্যামবারুদের গয়লা ।
“এ গোঁফ যদি আমার বলিস করবো তোদের জবাই”-
এই না বলে জরিমানা কল্লেন তিনি সবাই ।
ভীষণ রেগে বিষম খেয়ে দিলেন লিখে খাতায় -
“কাউকে বেশী লাই দিতে নেই, সবাই চড়ে
মাথায় ।
“অফিসের এই বাঁদরগুলো, মাথায় খালি গোবর,
“গোঁফ জোড়া যে কোথায় গেল কেউ রাখে না খবর ।
“ইচ্ছে করে এই ব্যাটোদের গোঁফ ধরে খুব নাচি,
“মুখ্যগুলোর মুন্ড ধরে কোদাল দিয়ে চাঁচি ।
“গোঁফকে বলে তোমার আমার - গোঁফ কি কারো
কেনা ?
“গোঁফের আমি গোঁফের তুমি, গোঁফ দিয়ে যায়
চেনা ।”



THE MISSING WHISKERS

They always knew the Boss babu
To be a gentle fellow
What happens if he in a jiffy
Turns all blue and yellow?

He was seated in his chair
Relaxed and free from care,
Indulging in his post-meridian nap,
When without a warning,
In the middle of his yawning,
Something right inside him seemed to snap.

With muffled cries he rolled his eyes
And threw his arms about,
"Alas I'm sick. Come save me quick"
Was what he sputtered out.

They heard him and they all began
To cluster round the stricken man
And pondered on the safest plan.

To bring him to his senses.
"Call the police " "No - the Vet"
His partner said, "He seems upset"
"But careful he might bite yet"
Said his amanuensis.

But Boss Babu - his face all red and swollen -
Now declared, "My moustache has bean stolen".

"Stolen whiskers?" they all cried,
"The Babu must be pacified"
And so they held a mirror to his face.
"There sir", they said "You see
Your whiskers where they used to be
Who would dare to put you in disgrace?"

Babu now began to scream
"You dunder heads, I would not dream
Of ever wearing whiskers so outrageous.
They make me look a shaggy butcher
Know this - in the near future
I ought to - no, I must reduce your wages.
This he did. And then at random
He composed a memorandum
Herewith quoted (minus appendages).

If you think your employees
Deserve your love - correction please:
They don't. They're fools. No commonsense.
They're full or crass incompetence.
The ones in my establishment
Deserve the highest punishment.
They show their cheek in not believing
Whiskers lend themselves to thieving
Their moustaches, I predict,
Will soon be mercilessly picked;
And when that happens they will know
What Man is to Moustachio:
Man is slave, Moustache is master,
Losing which Man meets disaster!

খিচুড়ি

STEW MUCH



হাঁস ছিল, সজারুও, (ব্যাকারণ মানি না),
হয়ে গেল 'হাঁসজারু' কেমনে তা জানি না।



বক কহে কচ্ছপে - "বাহবা কি ফুঁর্তি !
অতি খাসা আমাদের 'বকচ্ছপ' মূর্তি।"



টিয়া মুখো গিরগিটি মনে ভারি শঙ্কা -
পোকা ছেড়ে শেষে কিগো খাব কাঁচা লক্ষা ?




ছাগলের পেটে ছিল না জানি কি ফন্দি,
চাপিল বিছার ঘাড়ে, ধড়ে মুড়ো সন্ধি !



জিরাফের সাধ নাই মাঠে ঘাটে ঘুরিতে,
ফড়িঙের ঢং ধরি সেও চায় উড়িতে।



গরু বলে, "আমারেও ধরিল কি ও রোগে ?
মোর পিছে লাগে কেন হতভাগা মোরগে ?"



'হাতিমির' দশা দেখু তিমি ভাবে জলে যাই
হাতি বলে, "এই বেলা জঙ্গলে চলো ভাই।"



সিংহের শিং নেই, এই তার কষ্ট -
হরিণের সাথে মিলে শিং হল পষ্ট।

A duck once met a porcupine; they formed a
corporation

Which called itself a Porcuduck (a beastly
configuration)!

A stork to a turtle said, "Let's put my head upon your
torso;

We who are so pretty now, as Stortle would be more
so!"

The lizard with the parrot's head thought: Taking to
the chilli

After years of eating worms is absolutely silly.

A prancing goat - one wonders why - was driven by a
need

To bequeath his upper portion to a crawling
centipede.

The giraffe with the grasshopper's limbs reflected:
Why should I

Go for walks in grassy fields, now that I can fly?

The nice contented cow will doubtless get a frightful
shock

On finding that his lower limbs belong to a fighting
cock.

It's obvious the Whalelephant is not a happy notion:
The head goes for the jungle, while the tail turns to
the ocean.


The lions lack of horns distressed him greatly, so
He teamed up with a deer - now watch his antlers
grow!

গন্ধ বিচার

সিংহাসনে বসল রাজা বাজল কাঁসর ঘন্টা,
ছটফটিয়ে উঠল কেঁপে মন্ত্রীবুড়োর মনটা ।
বললে রাজা, “মন্ত্রী তোমার জামায় কেন গন্ধ?”
মন্ত্রী বলে, “এসেন্স দিছি - গন্ধ ত নয় মন্দ !”
রাজা বলেন, “মন্দ ভালো দেখুক শুঁকে বদ্যি,”
বদ্যি বলে, “আমার নাকে বেজায় হল সর্দি ।”
রাজা হাঁকেন, “বোলাও তবে - রাম নারায়ণ পাত্র !”
পাত্র বলে, “নসিয় নিলাম এক্ষণি এইমাত্র -
নসিয় দিয়ে বন্ধ যে নাক গন্ধ কোথায় ঢুকবে ?”
রাজা বলেন, “কোটাল তবে এগিয়ে এস, শুঁকবে ।”
কোটাল বলে, “পান খেয়েছি মশলা তাহে কর্পূর,
গন্ধে তারি মুন্ড আমার একেবারে ভরপুর ।”
রাজা বলেন, “আসুক তবে শের পালোয়ান
ভীমসিং,”
ভীম বলে, “আজ কচ্ছে আমার সমস্ত গা বিম্বিম্বিম ।
রাত্রে আমার বোখার হল বল্ছি হুজুর ঠিক বাৎ” -
বলেই গুল রাজসভাতে চক্ষু বুজে চিৎপাত ।
রাজার শালা চন্দ্রকেতু তারেই ধরে শেষটা,
বললে রাজা, “তুমিই না হয় কর না ভাই চেপ্টা ।”
চন্দ্র বলেন, “মারতে চাও ত ডাকাও নাকো জল্লাদ,
গন্ধ শুঁকে মরতে হবে এ আবার কি অল্লাদ ?”
ছিল হাজির বৃদ্ধ নাজির বয়সাট তার নব্বই,
ভাবল মনে, “ভয় কেন আর একদিন ত মরবই”
সাহস ক’রে বললে বুড়ো, “মিথ্যে সবাই
বকছিস,
শুঁকতে পারি হুকুম পেলে এবং পেলে
বকশিস্ ।”
রাজা বলেন “হাজার টাকা ইনাম পাবে সদ্য”
তাই না শুনে উৎসাহেতে উঠল বুড়ো মন্দ ।
জামার পরে নাক ঠেকিয়ে - শুঁকল কত গন্ধ,
রইল অটল দেখল লোকে বিস্ময়ে বাক্ বন্ধ ।
রাজ্যে হল জয় জয়কার বাজল কাঁসর ঢঙ্কা,
বাপরে কি তেজ বুড়োর হাড়ে পায় না সে যে
অন্ধা?

ODOUR IN THE COURT

The King sat down on the throne and turned to the
Minister
"What's this smell", he asked, "that smells so sinister?"
The Minister said, "It's from my cloak. Your Highness –
A new perfume I've bought to day. It's the finest."
"That" said the King, "the Court Physician should
settle."
The physician came and said, "I'd prove my mettle
If the cold hadn't made my nostrils quite impassable."
The King turned to the ageing priest in the chasuble.
"Come here, Priest," he said, "and please identify
The irksome smell that the air of the court does vilify."
The cleric said, "I've just now taken a pinch of snuff
Hence my nostrils aren't quite clear enough."
The King dismissed his priest and sent for the sentinel.
The sentry marched in promptly. The King said, "Can't
you tell
What this odour is that our work does hamper?"
"Your Highness" answered the sentry, 'the smell of
camphor
In my betel still pervades my senses;
I can't guess what the obnoxious essence is."
The King said, "Off with you and sent for the strong
man.
Bhimsing the wrestler came and proved quite the
wrong man.
"Your Highness," the wrestler said, his muscles
bulging,
"I'm not in the best of health – I hate divulging."
The King looked grim, then suddenly cried, "By
thunder,
Why not ask my distant cousin named Chunder ?"
"Chunder dear," the King implored, "don't fail me."
With a raucous laugh old Chunder said, "Impale me,
Or hang me by my neck just any old season,
But forcing a man to smell defies, all reason."
At the back of the court sat Nazir, a nonagenarian,
Thinking: I'm old; I haven't much longer to carry on –
For a sack of gold I'd smell it; I'm, perfectly willing;
So Nazir hobbled to the King and said his wish.
The King said, "Do it Nazir. I'll give you baksish."
Nazir went up to the minister, and down he bent
To plant his nostrils right on the source of the scent.
Wondrous feat The courtiers turned applauders;
"Long live Nazir - Defier of Odious Odours."




রামগরুড়ের ছানা

রামগরুড়ের ছানা হাসতে তাদের মানা
 হাসির কথা শুনলে বলে,
 “হাস্বে না - না না - না” ।
 সদাই মরে ত্রাসে - ঐ বুঝি কেউ হাসে!
 এক চোখে তাই মিটমিটিয়ে
 তাকায় অশে পাশে ।
 ঘুম নাহি তার চোখে আপনি ব'কে ব'কে
 আপনারে কয়, “হাসিস্ যদি
 মারব কিন্তু তোকে !”
 যায় না বনের কাছে, কিম্বা গাছে গাছে,
 দখিন হাওয়ার সড়িসুড়িতে
 হাসিয়ে ফেলে পাছে !
 সোয়াস্তি নেই মনে - মেঘের কোণে কোণে
 হাসির বাষ্প উঠছে ফেঁপে
 কান পেতে তাই শোনে ।
 ঝোপের ধারে ধারে রাতের অন্ধকারে
 জোনাক্ জ্বলে আলোর তালে
 হাসির ঠারে ঠারে ।
 হাসতে হাসতে যারা হচ্ছে কেবল সারা
 রামগরুড়ের লাগছে ব্যাথা
 বুঝছে না কি তারা ?
 রামগরুড়ের বাসা ধমক দিয়ে ঠাসা,
 হাসির হাওয়া বন্ধ সেথায়
 নিষেধ সেথায় হাসা ।

THE SONS OF RAMGAROO

To the sons of Ramgaroo
 Laughter is taboo
 A funny tale will make them wail:
 “We're not amused, boo - hoo!”
 They live in constant fear
 Of chuckles far and near
 And start and bound at every sound
 That brings a breath of cheer.
 Their peace of mind forfeiting
 They sit and keep repeating:
 “We believe in only grieving;
 Happiness is fleeting.”
 They shun the summer breeze
 That whispers through the trees
 For fear the stir of leaf and bur
 Their funny bones should tease.
 They keep a wary eye
 On the autumn sky
 For signs of mirth above the earth
 In foaming cumuli.
 The darkness of the night
 Brings them no respite
 As fireflies extemporise
 Their dances of delight.
 Those of you who are jolly
 And feel to woe is folly
 Must not refuse the Ramgaroos
 Their right to melancholy.
 The Ramgaroosian lair
 Bereft of sun and air
 Is doomed to be a monastery
 Of permanent despair.



বাবুরাম সাপুড়ে

BABURAM THE SNAKE CHARMER

বাবুরাম সাপুড়ে,
 কোথা যাস বাপুরে ?
 আয় বাবা দেখে যা,
 দুটো সাপ রেখে যা ।
 যে সাপের চোখ নেই,
 শিং নেই নোখ নেই,
 ছোটো না কি হাঁটে না,
 কাউকে যে কাটে না,
 করে নাকো ফোঁস্ ফাঁস,
 মারে নাকো টুশ্ টাঁশ,
 নেই কোনো উৎপাত,
 খায় শুধু দুধ ভাত -
 সেই সাপ জ্যান্ত
 গোটা দুই আনত ?
 তেড়ে মেরে ডাঙা
 ক'রে দিই ঠাঙা ।

Hullo, there Baburam – what have you got in there?
 Snakes? Aha – and do you think there's one that you
 could spare
 You know, I'd love to have one, but let me tell you this–
 The ones that bite aren't right for me – nor the ones
 that hiss.

I'd also skip the ones that butt
 As well the ones that whistle
 Or the ones that slink about
 Or show their fangs, or bristle.

As for eating habits, I think it would be nice
 To go for ones that only take a meal of milk and rice.
 I'm sure you know the kind of snake that want from
 what I've said,
 Do let me have one, Baburam, so I could bash its
 head.

কাতুকুতু বুড়ো

OLD TICKLER

আর যেখানে যাও না রে ভাই সপ্তসাগর পার,
 কাতুকুতু বুড়োর কাছে যেও না খবরদার !
 সর্বনেশে বৃদ্ধ সে ভাই যেও না তার বাড়ি -
 কাতুকুতুর কুলপি খেয়ে ছিঁড়বে পেটের নাড়ি ।
 কোথায় বাড়ি কেউ জানে না, কোন্ সড়কের মোড়ে,
 একলা পেলো জোর ক'রে ভাই গল্প শোনায় প'ড়ে ।
 বিদঘুটে তার গল্পগুলো না জানি কোন্ দেশী,
 শুনলে পরে হাসির চেয়ে কান্না আসে বেশী ।
 না আছে তার মুন্ডু মাথা, না আছে তার মানে,
 তবুও তোমায় হাসতে হবে তাকিয়ে বুড়োর পানে ।
 কেবল যদি গল্প বলে তাও থাকা যায় সয়ে,
 গায়ের ওপর সুড়সুড়ি দেয় লম্বা পালক লয়ে ।
 কেবল বলে, “হোঃ হোঃ হোঃ কেষ্টদাসের পিসি -
 বেচ্ছত খালি কুমড়ো কচু হাঁসের ডিম আর তিসি ।
 ডিমগুলো সব লম্বা মতন, কুমড়োগুলো বাঁকা,
 কচুর গায়ে রঙ - বেরঙের আল্পনা সব আঁকা ।
 অষ্ট প্রহর গাইত পিসি আওয়াজ ক'রে মিহি,
 ম্যাও ম্যাও ম্যাও বাকুম বাকুম ভৌ ভৌ ভৌ চীহি ।”
 এই না বলে কুটুং ক'রে চিম্টি কাটে ঘাড়ে,
 খ্যাংরা মতন আঙুল দিয়ে খোঁচায় পাজর হাড়ে ।
 তোমায় দিয়ে সুড়সুড়ি সে আপনি লুটোপুটি,
 যতক্ষণ না হাসবে তোমার কিচ্ছুতে নাই ছুটি ।

Go East or West, go North or south, by land sea or air,
 But before you go, make sure the old Tickler isn't
 there.
 Tickler is a terror, and I'll tell you what he's after -
 He'll have you stuffing tickle chops until you choke with
 laughter.
 It's hard to tell where he lives, and harder to restrict
 him,
 He's always round the corner looking for a victim.
 His method is quite simple ; he'll grab you by your
 sleeve
 And tell you anecdotes which he insists you must
 believe.
 He thinks they're very funny, while others find them
 grim,
 (They have to keep on laughing though, so as to
 humour him).
 One wouldn't mind the stories if they were all one had
 to bear,
 He also uses tickle - feathers, which is most unfair,
 And so he goes on cackling, “Oh, but don't you think its
 funny -
 Aunt Kitty selling pigeons' eggs and figs and cloves
 and honey
 The eggs are long and conical, the cloves are all
 convoluted
 The figs have arabesques on them nicely executed,
 From dawn till dusk Aunt Kitty sings a string of motley
 airs
 All mew and barks and brays and neighs (Aunt Kitty
 calls them Prayers).”
 Saying so, he brings his hand behind your back to
 pinch you,
 At which you have to laugh unless you want that he
 should lynch you.



কাঠ বুড়ো

THE OLD WOODMAN

হাঁড়ি নিয়ে দাড়িমুখো কে যেন বুদ্ধ,
রোদে বসে চেটে খায় ভিজ়ে কাঠ সেক্ক ।
মাথা নেড়ে গান করে গুন্ গুন্ সঙ্গীত -
ভাব দেখে মনে হয় না জানি কি পণ্ডিত !

বিড়ু বিড়ু কি যে বকে নাহি তার অর্থ -
“আকাশেতে ঝুল ঝোলে, কাঠে তাই গর্ত ।”
টেকো মাথা তেতে ওঠে গায়ে ছোট্ট ঘর্ম,
রেগে বলে, “কেবা বোঝে এ সবের মর্ম ?

আরে মোলো, গাধাগুলো একেবারে অন্ধ,
বোঝেনাকো কোনো কিছু খালি করে দ্বন্দ ।
কোন্ কাঠে কত রস জানে নাকো তত্ত -
একাদশী রাতে কেন কাঠে হয় গর্ত ?”

আশে পাশে হিজি বিজি আঁকে কত অঙ্ক -
ফাটা কাঠ ফুটো কাঠ হিসাব অসংখ্য;
কোন ফুটো খেতে ভালো, কোন্টা বা মন্দ,
কোন্ কোন্ ফাটলের কি রকম গন্ধ ।

কাঠে কাঠে ঠুকেঠুকে করে ঠকাঠক্ শব্দ,
বলে, “জানি কোন্ কাঠ কিসে হয় জন্দ ।
কাঠকুটো ঘেঁটেঘুঁটে জানি আমি পষ্ট,
এ কাঠের বজ্জাতি কিসে হয় নষ্ট ।

কোন্ কাঠ পোষ মানে, কোন্ কাঠ শান্ত,
কোন্ কাঠ টিম্টিমে, কোন্টা বা জ্যাস্ত ।
কোন্ কাঠে জ্ঞান নাই মিথ্যা কি সত্য,
আমি জানি কোন্ কাঠে কেন থাকে গর্ত ।”

The old man doesn't seem to mind
The sun that's getting hotter
He hums a tune and mumbles words
He sits and licks a wooden stick
That's just been boiled in water
And shakes his balding head;
It seems as if he's twice as wise
As anybody dead.

"The holes you find in wood," he says
"Have reason to be there;
They're caused – and no one knows this yet –
By cobwebs in the air.
But who cares for all this knowledge?"
Screams the old man fuming.
"A bunch of dolts – that's what they are,
Pretending and presuming.
I've told them time and time again,
They haven't understood,
What moonless nights are apt to do
The holes that go with wood."
Graphs and charts and formulas
He scribbles on the wall,
Subdividing different types of wood
And analysing all.
Tasty wood and tangy wood
And wood that's hard to savour,
And all that lies concealed in holes
And all the hidden flavour.
He claps the wooden sticks together
Saying "these are sticks
Which hold no secret from me now that
I know all their tricks.
A 11 the wooden villainy, and
All the wooden wiles,
Wooden ills and wooden woes, and
Beaming wooden smiles.
Some wood is wise and some is not,
But holes are always there,
And only I can see they're caused
By cobwebs in the air."



সংপাত্র

শুনতে পেলুম পোস্তা গিয়ে -
 তোমার নাকি মেয়ের বিয়ে ?
 গঙ্গারামকে পাত্র পেলে ?
 জানতে চাও সে কেমন ছেলে ?
 মন্দ নয়, সে পাত্র ভাল -
 রঙ যদিও বেজায় কালো ;
 তার উপরে মুখের গঠন
 অনেকটা ঠিক প্যাঁচার মতন ।
 বিদ্যে বুদ্ধি ? বলছি মশাই -
 ধন্যি ছেলের অধ্যাবসায় !
 উনিশটি বার ম্যাট্রিকে সে
 ঘায়েল হ'য়ে থামল শেষে ।
 বিষয় আশয় ? গরীব বেজায় -
 কষ্টে সৃষ্টে দিন চলে যায় ।
 মানুষ ত নয় ভাইগুলো তার -
 একটা পাগল একটা গৌয়ার;
 আরেকটি সে তৈরি ছেলে,
 জাল ক'রে নোট গেছেন জেলে ।
 কনিষ্ঠটি তবলা বাজায়
 যাত্রা দলে পাঁচ টাকা পায় ।
 গঙ্গারাম ত কেবল ভোগে
 পিলের জ্বর আর পান্ডু রোগে ।
 কিন্তু তারা উচ্চ ঘর,
 কংসরাজের বংশধর !
 শ্যাম লাহিড়ী বনগ্রামের
 কি যেন হয় গঙ্গারামের ! -
 যাহোক্, এবার পাত্র পেলে,
 এমন কি আর মন্দ ছেলে ?

GROOMY TIDINGS

My dear Sir, do, let me shake your hand –
 Your daughter is soon to wed, I understand.
 Great news. Congrats. Now, luckily
 I know this Gangaram, the groom – to – be
 Splendid chap. You've won a fair prize –
 Though not so fair, ha – ha, complexion wise!
 His face reminds me of – now, let me see. . .
 Ah, yes – an owl; the same rotundity.
 Education sir? Now, there's a lad
 With all the strength of will that's to be had.
 He sat for his final tests for school. No luck. He
 flopped.
 Nineteen times he tried, and then he stopped.
 Financial state, you ask? His property?
 He's sunk in debts as far as I can see!
 His brothers are a sorry bunch I fear,
 One's a loony, one's a racketeer.
 A third they put the clinkers on because
 By forging money he was breaking laws.
 The youngest one, I gather, plays the drum
 In restaurants, and earns a paltry sum.
 Gangaram himself despairs to fight his
 Ailments of the spleen and hepatitis.
 But mark you, sir, his noble ancestry –
 Ganga branches from a princely tree!
 Sham Lahiri (and it has been proved)
 Is Gangaram's own cousin, thrice removed.
 Looking for a future son – in – law
 I daresay you could ask for more.



খুড়োর কল

UNCLE'S INVENTION

কল করেছেন আজব রকম চন্ডীদাসের খুড়ো -
সবাই শুনে সাবাস্ বলে পাড়ার ছেলে বুড়ো ।
খুড়ের যখন অল্প বয়স - বছর খানেক হবে -
উঠলো কেঁদে 'গুংগা' ব'লে ভীষণ অউরবে ।
আর তো সবাই 'মামা' 'গাগা' আবোল তাবোল
বকে;
খুড়োর মুখে 'গুংগা' শুনে চমকে গেল লোকে ।
বললে সবাই, "এই ছেলেটা বাঁচলে পরে তবে,
বুদ্ধি জোরে এ সংসারে একটা কিছু হবে ।"
সেই খুড়ো আজ কল করেছেন আপন বুদ্ধি বলে,
পাঁচ ঘন্টার রাস্তা যাবে দেড় ঘন্টায় চলে ।
দেখে এলাম কলটি অতি সহজ এবং সোজা,
ঘন্টা পাঁচেক ঘাঁটলে পরে আপনি যাবে বোঝা ।
বলবো কি আর কলের ফিকির, বলতে না পাই
ভাষা,
ঘাড়ের সঙ্গে যন্ত্র জুড়ে এক্কেবারে খাসা ।
সামনে তাহার খাদ্য ঝোলে যার যে রকম রুচি -
মন্ডা মিঠাই চপ্ কাটলেট্ খাজা কিম্বা লুচি ।
মন বলে তায় 'খাব খাব', মুখ চলে তায় খেতে,
মুখের সঙ্গে খাবার ছোট্টে পাল্লা দিয়ে মেতে ।
এমনি ক'রে লোভের টানে খাবার পানে চেয়ে,
উৎসাহেতে হুঁস রবে না চলবে কেবল ধেয়ে ।
হেসে খেলে দুদশ যোজন চলবে বিনা ক্লেশে ।
খাবার গন্ধে পাগল হ'য়ে জিভের জলে ভেসে ।
সবাই বলে সমস্বরে ছেলে যোয়ান বুড়ো,
অতুল কীর্তি রাখল ভবে চন্ডীদাসের খুড়ো ।

Chandidas's uncle has invented a device
Which is causing everyone to praise it to the skies.
When Uncle was a year old, or maybe even younger,
He came out with a lusty yell that sounded just like
"Goonga."
At such an age most other tots just manage "Glug" and
"Mum,"
So "Goonga" like a thunderbolt, struck everybody
dumb.
And all who heard, said "Here's a boy - provided he
survives -
Will one day surely bring about a change in human
lives."
It seems the day is here at last, and victory is won
With what will make a five miles walk seem like only
one.
I've seen the contrivance myself, and say with
confidence
Never had invention had such greater significance.
Let me tell you how it strikes the eyes of a beholder:
First of all, one notes that you must strap it to your
shoulder.
An arm extends, and from its end one notes there
hangs a hook
To which you bait some food - stuff which you either
buy or cook.
Naturally the choice depends upon you predilections
(It's wiser to restrict yourself to hookable confections).
The sight of morsel dangling close provokes the urge
to eat
Which, transcribed to your motive force, soon propels
the feet.
Before you know you're on the go, your mind, intent on
feeding,
But since the food is travelling too you never stop your
speeding
The outcome, I need hardly add, will change our whole
existence
Because we'll walk for nourishment, and never mind
the distance.
No wonder's there's a move afoot, to honour, Uncle
soon
For bestowing on humanity an everlasting boon.

